বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

Office of the Chief Engineer, Monitoring
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.০৬.০০৫.২১-২৪৪ তারিখঃ ০১/০৯/২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

মাননীয় প্রধানমন্ত্রী বিশ্ব পানি দিবস,২০২২ এর অনুষ্ঠানে বাঁধের ঢালে, খালের পাড়ে ,পতিত জমিতে ও অফিস প্রাঙ্গনে বৃক্ষ রোপনের জন্য নির্দেশনা প্রদান করেন। পানি সম্পদ মন্ত্রণালয় হতে চলমান বর্ষা মৌসুমে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ২০ (বিশ) লক্ষ গাছের চারা রোপনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত পত্রে বৃক্ষরোপন কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষে বৃক্ষ রোপনের সময়-আবদ্ধ (Time bound) কর্মপরিকল্পনা প্রনয়ণ পূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ এবং বাপাউবোর কর্মকর্তাদের বৃক্ষরোপন কার্যক্রম পরিদর্শন ও তদারকির জন্য নির্দেশনা প্রদান করা হয়। পাসম কর্তৃক প্রেরিত অন্য একটি পত্রে বাপাউবো'র বৃক্ষরোপন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য বনবিদ্যায় জ্ঞানসম্পন্ন কর্মকর্তাগণকে বৃক্ষরোপন কার্যক্রম পরিদর্শন ও তদারকির নির্দেশনা প্রদান করা হয়েছে। বাপাউবোর বৃক্ষরোপন কার্যক্রম যথাযথভাবে সম্পাদনের জন্য বনবিদ্যায় জ্ঞান সম্পন্ন ও সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ বাপাউবো'র কর্মকর্তাদের সমন্বয়ে ২ (দুইটি) ১ (এক) সদস্যবিশিষ্ট কমিটি গঠনের প্রস্তাব করা হলো।

### কমিটি

| ক্র: নং | কর্মকর্তাদের নাম ও পদবী | দপ্তর ও ঠিকানা | কমিটির কর্ম এলাকা | কমিটির ক্রম |
|---|---|---|---|---|
| ১ | মোঃ বেলাল উদ্দিন বিশ্বাস, উপ প্রধান (কৃষি/পরি. ও বন) | প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন)এর আওতাধীন দপ্তরসমূহ। | কমিটি-১ |
| ২ | মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরি. ও বন) | প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা। | অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন)এর আওতাধীন দপ্তরসমূহ। | কমিটি-২ |

২। প্রস্তাবিত কমিটির কার্যপরিধিঃ

ক) কমিটি সংশ্লিষ্ট এলাকা সরেজমিন পরিদর্শন করে বাপাউবো'র বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পের বাঁধ, খালের পাড়, অফিস প্রাঙ্গন ও অন্য ফাঁকা জায়গায় বৃক্ষ রোপণের পরিকল্পনা প্রণয়নে মাঠ দপ্তরকে সহায়তা করবেন;

খ) রোগমুক্ত, পরিপুষ্ট ও সঠিক উচ্চতা সম্পন্ন চারা সংগ্রহ এবং রোপন পদ্ধতি সম্পর্কে মাঠ দপ্তরকে সার্বিকভাবে সহায়তা প্রদান করবেন;

গ) বৃক্ষরোপণ, রোপিত বৃক্ষের রক্ষণাবেক্ষণ ও পরিচর্যা এবং স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্ত করে বন ব্যবস্থাপনা বিষয়ে সংশ্লিষ্ট মাঠ দপ্তরকে পরামর্শ প্রদান করবেন;

ঘ) কমিটি বৃক্ষরোপনের অগ্রগতি বিষয়ে নিয়মিত প্রধান প্রকৌশলী, মনিটরিং কে অবহিত করবেন।

ঙ) পানি সম্পদ মন্ত্রণালয় এর বৃক্ষরোপণ সংক্রান্ত নির্দেশনাবলী প্রতিপালনে বাপাউবো'র সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন;

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ দপ্তরাদেশ জারি করা হলো।

০১/৯/২০২২

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তর
পানি ভবন, লেভেল-৫, ব্লক-এইচ
৭২ গ্রীনরোড, ঢাকা-১২১৫।
ফোন : ০২২২২২৩০১০০
E-mail: cmonitoring@yahoo.com

Office of the Chief Engineer, Monitoring
Pani Bhaban, Level-5, Block-H
72 Green Road, Dhaka-1215.
Phone : 02222230100
E-mail: cmonitoring@yahoo.com

স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.০৬.০০৫.২১-২৪৪/১(৮) তারিখঃ ০১/০৯/২০২২ খ্রিঃ

বিতরণঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে

(১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা, নকশা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।

(২) প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/পূর্বাঞ্চল/উত্তর-পূর্বাঞ্চল/দক্ষিণ-পূর্বাঞ্চল/পশ্চিমাঞ্চল/উত্তরাঞ্চল/উত্তর-পশ্চিমাঞ্চল/দক্ষিণ-পশ্চিমাঞ্চল/দক্ষিণাঞ্চল, বাপাউবো, ঢাকা/কুমিল্লা/সিলেট/চট্টগ্রাম/ফরিদপুর/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল।

(৩) প্রধান প্রকৌশলী, পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

(৪) প্রকল্প পরিচালক (সকল), বাপাউবো, সিইআইপি-১/এফআরইআরএমআইপি/আইএমআইপি/সিডিএসপি-৫/ ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প/হাওড় এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প/দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা।

(৫) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাপাউবো, ঢাকা।

(৬) নির্বাহী প্রকৌশলী (সকল মাঠ দপ্তর), বাপাউবো।

(৭) মোঃ বেলাল উদ্দিন বিশ্বাস, উপ প্রধান (কৃষি/পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।

(৮) মোঃ আকবর হোসেন, সহকারী প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।

০১/৯/২০২২

(মোঃ রফিকুল ইসলাম চৌবে)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী